

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৭, ২০১৮

সূচীপত্র

	পৃষ্ঠা নং		পৃষ্ঠা নং
১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।	২৮৩—২৯৭	৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।	নাই
২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।	৬৬৯—৭০৮	৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	২৭
৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	নাই	ক্রোড়পত্র—সংখ্যা	
৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।	নাই	(১)সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের গুমারী।	নাই
৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি।	নাই	(২)বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই
৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	৫০৫—৫৩০	(৩) বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।	নাই
		(৪) কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।	নাই
		(৫) তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান।	নাই
		(৬) তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।	নাই

১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২২ এপ্রিল ২০১৮

নং ১৭.০০.০০০০.০১৫.৫৫.০২৪.১৮-২৬৩—জনাব মোঃ শাহজাহান মানিক, নির্বাচন অফিসার, জেলা নির্বাচন অফিস, দিনাজপুর (প্রাক্তন উপজেলা নির্বাচন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম ও রিটার্নিং অফিসার) গত ১৩-০৩-২০১৮ তারিখে কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার বামনডাঙ্গা ইউনিয়নের ০৭ নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদের প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোঃ বাবুলকে মাছ প্রতীক বরাদ্দ দেন। পরবর্তীতে জেলা নির্বাচন অফিসার, কুড়িগ্রাম এর মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ের ফরম-৮ প্রেরণের সময় দেখা যায় যে, প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোঃ বাবুলকে বিধি মোতাবেক

প্রতীক বরাদ্দ দেয়া হয়নি। মাছ প্রতীক প্রদান করা বিধি মোতাবেক না হওয়ায় মাছ প্রতীকের পরিবর্তে মোরগ প্রতীক প্রদান করে সংশোধিত প্রতিদ্বন্দ্বীর তালিকা প্রকাশ করেন এবং নোটিশ বোর্ডে টাঙ্কিয়ে দেন। সে সাথে জনাব মোঃ বাবুলকে সংশোধিত প্রতিদ্বন্দ্বীর প্রার্থীর তালিকা উপজেলা নির্বাচন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম থেকে নেয়ার জন্য অনুরোধ করেন। পরবর্তীতে নির্বাচন কমিশনের পূর্বনিমতি ব্যতিরেকে সাধারণ ওয়ার্ডের উপ-নির্বাচনটি স্থগিত ঘোষণা করেন। এতে নির্বাচন কমিশনের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়। ভুল প্রতীক বরাদ্দ হওয়ার বিষয়টি তার নির্বাচনী কাজে দায়িত্ব অবহেলার শামিল। ফলে জনাব মোঃ শাহজাহান মানিক, নির্বাচন অফিসার, জেলা নির্বাচন অফিস, দিনাজপুর (প্রাক্তন উপজেলা নির্বাচন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম কে) সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের (misconduct) দায়ে বিধি ১১(১) অনুযায়ী সাময়িক বরখাস্ত করা হল।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৮৩)

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) পাবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

হেলালুদ্দীন আহমদ
সচিব।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ অধিশাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৫ মার্চ ২০১৮

নং ৩৩.০০.০০০০.১১৯.০৪.০০১.১১-৯৯—যেহেতু, বিসিএস (প্রাণিসম্পদ) ক্যাডারের কর্মকর্তা ডাঃ মোঃ আব্দুর রউফ চৌধুরী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা গত ৩০-১২-২০১৭ তারিখ হতে অদ্যাবধি পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর বিধি ৩(বি) অনুযায়ী অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১৯-০৮-২০১৩ তারিখের মপ্রাম/প্রাস-১(কর্মস্থলে অনুপস্থিতি)-১/২০১১/৬১২ নং স্মারকমূলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ১০/২০১৩ রুজু করে কারণ দর্শানোর জন্য বলা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ৩০-১১-২০১৫ তারিখের ৩৩.০০.০০০০.১১৭.২৪.০০১.১১-৯৭৯ নং অফিস আদেশে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে ডাঃ মোঃ আব্দুর রউফ চৌধুরীর বিরুদ্ধে আনীত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(৪) ধারা অনুযায়ী গত ১৮-১০-২০১৭ তারিখের ৩৩.০০.০০০০.১১৯.০৪.০০১.১১-২৯৪ নং স্মারকে জারীকৃত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানা এবং দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ/জারি করা হয়;

যেহেতু, ডাঃ মোঃ আব্দুর রউফ চৌধুরী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা প্রথম ও দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকার এ মর্মে নিশ্চিত হয়েছে যে, তার বিরুদ্ধে আনীত ১৯৭৯ সালের সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশের ৩(বি) বিধি অনুযায়ী ছুটি বা অন্য কোন যুক্তিসংগত কারণ ব্যতীত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হয়েছে। কাজেই উক্ত অধ্যাদেশের ৪(বি) বিধি মোতাবেক সরকার তাঁকে চাকরি হতে অব্যাহতি (Discharge from Service) প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করে।

এক্ষণে সেহেতু, ডাঃ মোঃ আব্দুর রউফ চৌধুরী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকাকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(বি) বিধি অনুযায়ী তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ৩০-১২-২০০৭ তারিখ হতে সরকারি চাকরি হতে অব্যাহতি (Discharge from Service) প্রদান করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৩৩.০০.০০০০.১১৯.০৪.০০১.১১-৯৮—যেহেতু, বিসিএস (প্রাণিসম্পদ) ক্যাডারের কর্মকর্তা জনাব খালিদ আজম খাঁন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া বর্তমানে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা গত ২২-০৯-২০১০ তারিখ হতে অদ্যাবধি পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর বিধি ৩(বি) অনুযায়ী অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১৯-০৮-২০১৩ তারিখের মপ্রাম/প্রাস-১(কর্মস্থলে অনুপস্থিতি)-১/২০১১/৬১৩ নং স্মারকমূলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ১১/২০১৩ রুজু করে কারণ দর্শানোর জন্য বলা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ৩০-১১-২০১৫ তারিখের ৩৩.০০.০০০০.১১৭.২৪.০০১.১১-৯৮০ নং অফিস আদেশে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে জনাব খালিদ আজম খাঁন বিরুদ্ধে আনীত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(৪) ধারা অনুযায়ী গত ১৮-১০-২০১৭ তারিখের ৩৩.০০.০০০০.১১৯.০৪.০০১.১১-২৯৩ নং স্মারকে জারীকৃত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানা এবং দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ/জারি করা হয়;

যেহেতু, জনাব খালিদ আজম খাঁন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া বর্তমানে-উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা প্রথম ও দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকার এ মর্মে নিশ্চিত হয়েছে যে, তাঁর বিরুদ্ধে আনীত ১৯৭৯ সালের সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশের ৩(বি) বিধি অনুযায়ী ছুটি বা অন্য কোন যুক্তিসংগত কারণ ব্যতীত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হয়েছে। কাজেই উক্ত অধ্যাদেশের ৪(বি) বিধি মোতাবেক সরকার তাঁকে চাকরি হতে অব্যাহতি (Discharge from Service) প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করে।

এক্ষণে সেহেতু, জনাব খালিদ আজম খাঁন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া বর্তমানে-উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকাকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(বি) বিধি অনুযায়ী তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২২-০৯-২০১০ তারিখ হতে সরকারি চাকরি হতে অব্যাহতি (Discharge from Service) প্রদান করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রইছউল আলম মন্ডল
ভারপ্রাপ্ত সচিব।

কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ চৈত্র ১৪২৪/১১ এপ্রিল ২০১৮

নং ১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৮.২০৩—“বীজ আইন-২০১৮”
এর ধারা ৩ (২) মোতাবেক নিম্নোক্ত কর্মকর্তার/ব্যক্তির সম্মুখে
জাতীয় বীজ বোর্ড গঠন করা হইল :

চেয়ারম্যান

১. সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

২. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন;
৩. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;
৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী;
৫. অতিরিক্ত সচিব, (ব্যয় নিয়ন্ত্রণ-২), অর্থ বিভাগের প্রতিনিধি;
৬. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন;
৭. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;
৮. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট;
৯. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট;
১০. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট;
১১. মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট;
১২. মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি;
১৩. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী;
১৪. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি;
১৫. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট;
১৬. পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;
১৭. ড. মোঃ আবুল হোসেন প্রফেসর, সীড সাইন্স এন্ড টেকনোলজি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়;
১৮. জনাব মোঃ নুরুজ্জামান, প্রাক্তন সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, বীজ বিশেষজ্ঞ;

১৯. কৃষিবিদ জনাব মোঃ মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি, কোম্পানির প্রতিনিধি;
২০. জনাব আলহাজ্ব মোঃ মোতাহার হোসেন মোল্লা, কাপাসিয়া, গাজীপুর কৃষক প্রতিনিধি;
২১. জনাব তালুকদার মোঃ ইউনুস (এম. পি), বরিশাল-২, কৃষক প্রতিনিধি;
২২. ড. মোঃ নজমুল হুদা, সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি;
২৩. ড. মোঃ খায়রুল বাশার, সভাপতি বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি;
২৪. জনাব এম আনিস উদ দৌলা, সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন;

সচিব

২৫. মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়।

২। “বীজ আইন-২০১৮” এর উপ-ধারা (২) মোতাবেক ক্র: নং-১৭-২৪ এ উল্লিখিত মনোনীত সদস্যগণ প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদে সদস্য পদে বহাল থাকিবেন।

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে সরকার প্রয়োজনবোধে, যে কোনো সময় কারণ দর্শানো ব্যতিরেকে কোনো মনোনীত সদস্যের মনোনয়ন বাতিল করিতে পারিবে।

৩। উপ-ধারা (২) এর ক্র: নং-১৭-২৪ এর অধীন মনোনীত সদস্যগণ যে কোনো সময় চেয়ারম্যানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে সদস্য পদ ত্যাগ করিতে পারিবেন।

৪। কোনো মনোনীত সদস্যের সদস্য পদ অবসান হইবে, যদি তিনি-

- (ক) চেয়ারম্যানের অনুমতি ব্যতীত একাদিক্রমে বোর্ডের ৩ (তিন)টি সভায় অনুপস্থিত থাকেন;
- (খ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;
- (গ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন বা উক্ত দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন; বা
- (ঘ) নৈতিক স্বলনজনিত কোনো ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া থাকেন।

৫। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হইল এবং তা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আশ্রাফ উদ্দিন আহমেদ

অতিরিক্ত সচিব ও মহাপরিচালক।

গবেষণা-৩

অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ মার্চ ২০১৮ খ্রি:

নং ১২.০০.০০০০.০৬৩.১২.০৭৮.১৫.১১০—বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) আইন-২০১৭ এর ০৭(১) ধারা অনুযায়ী বিজেআরআই-এর বোর্ড নিম্নোক্ত কর্মকর্তা/ব্যক্তির সমন্বয়ে পুনর্গঠন করা হলো :

ক্রমিক নং	সম্মানিত সদস্যগণের নাম ও পদবি	বোর্ডে সদস্য/পদবি
১.	মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট	চেয়ারম্যান (পদাধিকার বলে)
২.	বেগম নাজমা মোবারেক, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের, প্রতিনিধি (অন্যন উপসচিব পদমর্যাদার)	সদস্য
৩.	উপসচিব গবেষণা-৩ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়ে প্রতিনিধি (অন্যন উপসচিব পদমর্যাদার)	সদস্য
৪.	জনাব কাজী নজরুল ইসলাম, উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রতিনিধি (অন্যন উপসচিব পদমর্যাদার)	সদস্য
৫.	জনাব সৈয়দ এমদাদুল হক, উপসচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রতিনিধি (অন্যন উপসচিব পদমর্যাদার)	সদস্য
৬.	সদস্য পরিচালক (এইআরএস), বিএআরসি, বিএআরসির প্রতিনিধি	সদস্য
৭.	পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), বিনা, ময়মনসিংহ, বিনার প্রতিনিধি	সদস্য
৮.	পরিচালক, পরিকল্পনা উইং, বিজেএমসি, ঢাকা	সদস্য
৯.	পরিচালক, ফ্রুপস উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি	সদস্য
১০.	সদস্য (বিজ্ঞান ও প্রযুক্তি), বিসিএসআইআর, বিসিএসআইআর এর প্রতিনিধি	সদস্য
১১.	পরিচালক (পাট), পাট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা	সদস্য
১২.	ড. মো: শহিদ উল্লাহ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, টেক্সটাইল ফিজিক্স বিভাগ, বিজেআরআই, বিজেআরআই এর জ্যেষ্ঠ বিজ্ঞানী।	সদস্য
১৩.	ড. মো: মুজিবুর রহমান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, জুট ফার্মিং সিস্টেম বিভাগ, বিজেআরআই, বিজেআরআই এর জ্যেষ্ঠ বিজ্ঞানী।	সদস্য
১৪.	ড. এবিএম আব্দুল্লাহ, সাবেক মহাপরিচালক, বিজেআরআই, পাট প্রযুক্তিবিদ	সদস্য
১৫.	ড. ফেরদৌসি বেগম, ম্যানেজিং ডিরেক্টর ফেরদৌস বায়োটেক (প্রাইভেট) লিমিটেড, এফবিসিসিআই প্রতিনিধি	সদস্য
১৬.	জনাব আব্দুল হালিম চোকদার, পিতা মরহুম আব্দুল গণি চোকদার, গ্রাম-কালারাই কৈজুরী, ইউনিয়ন-কৈজুরী, পো:-তাম্বুলখানা, থানা-ফরিদপুর, জেলা-ফরিদপুর, কৃষক প্রতিনিধি	সদস্য
১৭.	মিসেস কাউসার আফসানা, ডিরেক্টর, হেলথ নিউট্রিশন এন্ড পপুলেশন প্রোগ্রাম, ব্রাক, বাংলাদেশ, এনজিও প্রতিনিধি	সদস্য
১৮.	পরিচালক, কারিগরী (চলতি দায়িত্ব), বিজেআরআই (পদাধিকারবলে)	সদস্য
১৯.	পরিচালক, জুট টেক্সটাইল (চলতি দায়িত্ব), বিজেআরআই (পদাধিকারবলে)	সদস্য
২০.	পরিচালক, কৃষি (চলতি দায়িত্ব), বিজেআরআই (পদাধিকারবলে)	সদস্য
২১.	পরিচালক, (প্রশাসন ও অর্থ), বিজেআরআই (পদাধিকারবলে)	সদস্য-সচিব

২। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) আইন-২০১৭ এর ৭(১) উপধারার (ঠ) হতে (গ) অধীনে-১২-১৭ ক্রমিকের মনোনীত সদস্য পদের মেয়াদ মনোনয়নের তারিখ হতে ০৩(তিন) বছর পর্যন্ত বহাল থাকিবেন।

৩। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হ'ল তা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মো: আমিনুর রহমান
উপসচিব।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
আদেশ

তারিখ : ২৬ চৈত্র ১৪২৪/০৯ এপ্রিল ২০১৮

নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০০১.১৮-৯৭—যেহেতু, জনাব মোহাম্মদ আরিফুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, বরুড়া, কুমিল্লা (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, ফুলগাজী, ফেনী ও মেঘনা, কুমিল্লা)—এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়।

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন।

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) মোতাবেক তার ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয় ;

সেহেতু, জনাব মোহাম্মদ আরিফুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, বরুড়া, কুমিল্লা (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, ফুলগাজী, ফেনী ও মেঘনা, কুমিল্লা)—এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (২)(বি) মোতাবেক ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো। স্থগিতকৃত বেতন তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ আসিফ-উজ-জামান
সচিব।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-কারিগরি-১
প্রজ্ঞাপন

তারিখ : ০৫ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/১৯ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৩৭.০০.০০০০.০৭৬.০৮.০১২.২০১৫-২৬৬—কারিগরি শিক্ষা অধিদপ্তরীয় টাঙ্গাইল পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ প্রকৌশলী মোঃ লুৎফর রহমান বিগত ০২-০৪-২০০৮ হতে ০৩-০১-২০১৫ তারিখ পর্যন্ত কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ পদে কর্মরত ছিলেন। কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মকালীন তৎকালীন ক্যাশিয়ার (নিজ বেতনে) মৃত জীবন কুমার দাস কর্তৃক শিক্ষার্থী ও শিক্ষক/কর্মচারীদের নিকট হতে আদায়কৃত বেসরকারি তহবিলের ১৪,৯৩,৫০৮.৮৫ (চৌদ্দ লক্ষ তিরানব্বই হাজার পাঁচশত আট টাকা পঁচাশি পয়সা) ব্যাংকে জমা না দেয়ায় এবং যথাসময়ে ক্যাশ বহিতে এন্ট্রি না করায় উক্ত টাকা তহরূপ

হয়েছে মর্মে অভিযোগ আনা হয়। প্রাথমিক তদন্ত কমিটির প্রতিবেদনে তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তহরূপকৃত ১৪,৯৩,৫০৮.৮৫ (চৌদ্দ লক্ষ তিরানব্বই হাজার পাঁচশত আট টাকা পঁচাশি পয়সা) টাকার ৫০% হিসেবে ৭,৪৬,৭৫৪.৪৩ (সাত লক্ষ ছিচল্লিশ হাজার সাতশত চুয়ান্ন টাকা তেতাল্লিশ পয়সা) প্রকৌশলী মোঃ লুৎফর রহমান এর নিকট হতে নগদে আদায়সহ তার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। অতঃপর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও বিধি ৩ এর উপবিধি (ডি) অনুযায়ী যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘দুর্নীতি’র অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে প্রকৌশলী মোঃ লুৎফর রহমান এর দাখিলকৃত জবাব এবং বিগত ১২-০২-২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানি পর্যালোচনায় তা সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তের জন্য ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত বোর্ড গঠন করা হয়।

৩। তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় প্রকৌশলী মোঃ লুৎফর রহমান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী ‘অসদাচরণ’ এবং বিধি ৩ এর উপবিধি অনুযায়ী (ডি) ‘দুর্নীতির অভিযোগ এর সত্যতা থাকায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ এর উপবিধি (৬) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় কেন তাকে শাস্তি প্রদান করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য বিগত ১৯-০৯-২০১৭ তারিখ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। তিনি বিগত ০৫-১০-২০১৭ তারিখের স্বাক্ষরে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লিখিত জবাব দাখিল করেন।

৪। প্রকৌশলী মোঃ লুৎফর রহমান এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী ‘অসদাচরণ’ এবং বিধি ৩ এর উপবিধি (ডি) অনুযায়ী ‘দুর্নীতি’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়া পরিপ্রেক্ষিতে ২য় কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বলে বিবেচিত হয়নি। এ পর্যায়ে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ডি) অনুযায়ী চাকরি থেকে বরখাস্ত (dismissal from Service) করার বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ গ্রহণ করা হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি ৩(ডি) অনুযায়ী অভিযুক্ত প্রকৌশলী মোঃ লুৎফর রহমানকে “চাকরি থেকে বরখাস্ত (dismissal from Service)” করার বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে।

৫। প্রকৌশলী মোঃ লুৎফর রহমান এর অধ্যক্ষ পদটি ৪র্থ গ্রেডের ১ম শ্রেণীর উচ্চতর পদমর্যাদাসম্পন্ন বিষয়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি ৩(ডি) অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রদত্ত শাস্তির বিষয়ে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ বিবেচনা ও সদয় সিদ্ধান্তের জন্য পেশ করা হয়। মহামান্য রাষ্ট্রপতি টাঙ্গাইল পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ, (সাবেক অধ্যক্ষ, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট) প্রকৌশলী মোঃ লুৎফর রহমান কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি ৩(ডি) অনুযায়ী আদেশের তারিখ হতে “চাকরি থেকে বরখাস্ত (dismissal from Service)” করার অনুমতি প্রদান করেন।

৬। এমতাবস্থায়, মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমতিক্রমে কারিগরি শিক্ষা অধিদপ্তরারধীন টাজাইল পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ, (সাবেক অধ্যক্ষ, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট) প্রকৌশলী মোঃ লুৎফর রহমান কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি ৩(ডি) অনুযায়ী আদেশ জারির তারিখ হতে “চাকরি থেকে বরখাস্ত (dismissal from Service)” করা হলো।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আলমগীর
সচিব।

অফিস আদেশ

তারিখ: ০৪ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/১৮ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৫৭.০০.০০০০.০৫১.২৭.০০১.১৮-২৬২—যেহেতু, আপনি জনাব আবুল হাসনাত মুহাম্মদ সোহেল রানা, ইন্সট্রাক্টর (বিল্ডিং মেনেটেন্যান্স), হোসেনাবাদ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, দৌলতপুর, কুষ্টিয়ায় কর্মরত অবস্থায় ছাত্রীদেরকে অনৈতিক কু-প্রস্তাব দেন মর্মে গত ২৯-০১-২০১৮ তারিখে দু'জন ছাত্রী অধ্যক্ষ বরাবর লিখিত অভিযোগ দাখিল করেন;

এবং যেহেতু, আপনার এহেন অসদাচরণ, অনৈতিক ও অসৎ উদ্দেশ্যপ্রণোদিত কার্যক্রমের বিষয়ে তদন্তের জন্য স্থানীয় পর্যায়ে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন এবং অধ্যক্ষের প্রতিবেদন অনুযায়ী ছাত্রীদের ধারাবাহিক নম্বর বেশী প্রদান, উপবৃত্তির লোভ, ভবিষ্যতে ভাল

ফলাফল হওয়ার প্রলোভন দিয়ে ছাত্রীদেরকে অনৈতিক কু-প্রস্তাব দেওয়া এবং অতিরিক্ত ক্লাশ নেয়ার নামে কোচিং/প্রাইভেট বাণিজ্যের মাধ্যমে অবৈধ অর্থ আদায়ের অভিযোগ প্রমাণিত হয়েছে;

এবং যেহেতু, আপনি সরকারি দায়িত্বপালনে উদাসীনতা, স্বেচ্ছাচারিতাসহ এহেন নীতিজ্ঞানহীন ও অশিক্ষকসুলভ কার্যক্রমের মাধ্যমে সার্বিক শিক্ষা ক্ষেত্রে তথা শিক্ষক সমাজের জন্য মর্যাদা হানিকর এবং ভাবমূর্তি ক্ষুণ্ণের নজির সৃষ্টি করেছেন;

এবং যেহেতু, আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী ‘অসদাচরণ’ (Misconduct) এর পর্যায়ভুক্ত অভিযোগে অভিযুক্ত করে আপনার বিভাগীয় মোকদ্দমা রুজুসহ এ পর্যায়ে জনস্বার্থে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও আবশ্যিক বলে প্রতীয়মান হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১ এর উপবিধি (১) অনুযায়ী আপনাকে সরকারি চাকুরী হতে সাময়িক বরখাস্ত (Suspension) করা হলো এবং একইসাথে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২। সাময়িক বরখাস্তকালীন (Suspension Period) বিধি মোতাবেক খোরাকী ভাতাসহ (Subsistence Allowance) অন্যান্য সুবিধাদি প্রযোজ্য হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আলমগীর
সচিব।

শিক্ষা মন্ত্রণালয়

স্বশাসিত সংস্থা-বিসিক শাখা

আদেশ

তারিখ: ০৩ বৈশাখ ১৪২৫/১৬ এপ্রিল ২০১৮

নং ৩৬.০০.০০০০.০৬৫.১৫.০৩০.১০-১৪৭—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত “নৈপুণ্য বিকাশ কেন্দ্র, গোপালগঞ্জ” শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত নিম্নবর্ণিত ১৩ ক্যাটাগরির ১৬ (ষোলো) টি অস্থায়ী পদ ০১-০৬-২০১৭ হতে ৩১-০৫-২০১৮ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি:—

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী বেতনস্কেল
১।	বিশেষজ্ঞ (উপ ব্যবস্থাপক পদ মর্যদার)	০১(এক) টি	১৮৫০০-২৯৭০০(৬নং স্কেল)
২।	ইন্সট্রাক্টর (মোবাইল টেকনোলজি)	০১(এক) টি	৮০০০-১৬৫৪০(১০নং স্কেল)
৩।	ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)	০১(এক) টি	৮০০০-১৬৫৪০(১০নং স্কেল)
৪।	ইন্সট্রাক্টর (কম্পিউটার)	০১(এক) টি	৮০০০-১৬৫৪০(১০নং স্কেল)
৫।	ইন্সট্রাক্টর(ফুড প্রসেসিং)	০১(এক) টি	৮০০০-১৬৫৪০(১০নং স্কেল)
৬।	ইন্সট্রাক্টর (রেফ্রিজারেটর এন্ড এয়ারকন্ডিশনার)	০১(এক) টি	৮০০০-১৬৫৪০(১০নং স্কেল)
৭।	ইন্সট্রাক্টর (মেশিনসপ প্রাকটিসেস)	০১(এক) টি	৮০০০-১৬৫৪০(১০নং স্কেল)
৮।	ইন্সট্রাক্টর (বুটিক এন্ড স্কিন প্রিন্টিং)	০১(এক) টি	৮০০০-১৬৫৪০(১০নং স্কেল)
৯।	পরিদর্শক	০২(দুই) টি	৫২০০-১১২৩৫(১৪নং স্কেল)
১০।	হিসাবরক্ষক তথা কোষাধ্যক্ষ	০১(এক) টি	৫২০০-১১২৩৫(১৪নং স্কেল)

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী বেতনস্কেল
১১।	ডাটা এন্টি অপারেটর	০১(এক) টি	৪৭০০-৯৭৪৫(১৬নং স্কেল) ৫২০০-১১২৩৫(১৪নং স্কেল) চাকুরীকালীন বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়ার পর প্রদেয়
১২।	পিয়ন	০২(দুই) টি	আউট সোর্সিং এর নীতিমালা অনুযায়ী
১৩।	গার্ড	০২(দুই) টি	আউট সোর্সিং এর নীতিমালা অনুযায়ী
	মোট	১৬(ষোলো) টি	

শর্তসমূহ:

- (ক) আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৫ হতে জারিকৃত ০৭-০৮-২০০৮ তারিখের অম/অবি/ব্য:নি:-৫/ বিবিধ-১/ ২০০৭/৫৯৭ নং স্মারকে বর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে; এবং
- (খ) এতদবিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।
- ২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

মোঃ রেজাউল করিম
সিনিয়র সহকারী সচিব।

[একই স্মারক নম্বর ও তারিখের প্রতিস্থাপন]
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিপত্র

তারিখ: ১৬ আষাঢ় ২০১৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়: **Bangladesh GIS Platform (BGISP)** গঠন প্রসংগে।

নং ৫২.০০৮.০১১.০৮.০০.৭০০.২০১৩-২৭১/২—বর্তমানে Geographic Information System (GIS)^১ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পৃথিবীর নানাদেশে বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ নানাবিধ সেবামূলক কার্যক্রমে ব্যবহার করা হচ্ছে। ২০১১ খ্রিস্টাব্দে ১২ মে তারিখে জেনেভায় অনুষ্ঠিত জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক কাউন্সিল (ECOSOC) এর সভায় মহাসচিবের (E/2011/89) রিপোর্টের উপর ভিত্তি করে ‘UN Committee of Experts on Global Geospatial Information Management (UNGIM)’ নামে একটি কমিটি গঠিত হয়। এই কমিটি জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে Geospatial Database এর সাথে Statistics এর সমন্বয়ের মাধ্যমে টেকসই উন্নয়নে উদ্বুদ্ধ করেছে। বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশও বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা তাদের নিজস্ব অথবা জাতীয় প্রয়োজনে GIS কর্মকাণ্ড পরিচালনা করেছে। বর্তমানে এ সমস্ত সংস্থা কর্তৃক পরিচালিত GIS কর্মকাণ্ড সম্পর্কে পরস্পরের মধ্যে তেমন কোন সমন্বয় না থাকার কারণে দ্বৈততা সৃষ্টির পাশাপাশি অর্থ ও সময়ের অপচয় ঘটছে। সর্বোপরি, GIS কেন্দ্রিক কাজিত উন্নয়ন থেকে জাতি বঞ্চিত হচ্ছে। এ কারণে GIS কর্মকাণ্ড সম্পূর্ণ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ বা সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে GIS কর্মকাণ্ডের সমন্বয় সাধন করা অত্যন্ত জরুরী এবং গুরুত্বপূর্ণ। সকল GIS সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় সাধন করা গেলে একে অপরের কাজ সম্পর্কে পরিষ্কার ধারণা লাভ এবং নিজেদের মধ্যে তথ্য/উপাত্ত আদান প্রদানসহ জাতীয় প্রয়োজনে সমন্বিত উদ্যোগ গ্রহণের মাধ্যমে এতদবিষয়ে গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়ন করা সহজ হবে। দেশের সকল GIS তথ্য/উপাত্ত প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় এবং তাদের প্রস্তুতকৃত তথ্য/উপাত্ত একই স্থানে সংরক্ষণ করে জনগণের ব্যবহার উপযোগী করে তোলার লক্ষ্যে একটি প্ল্যাটফর্ম গঠন জরুরী হয়ে পড়েছে;

২। পরিসংখ্যান আইন, ২০১৩ এর ৬ ধারাবলে বাংলাদেশে GIS কার্যক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের ২ মধ্যে সমন্বয় সাধন এবং একই স্থানে এতদসংক্রান্ত সকল তথ্য/উপাত্ত সংরক্ষণ ও জনসাধারণের জন্য ব্যবহার উপযোগী করে তোলার লক্ষ্যে “**Bangladesh GIS Platform (BGISP)**” শিরোনামে একটি প্ল্যাটফর্ম গঠন করা হলো।

৩। এ প্ল্যাটফর্মটি সূষ্ঠ ও কার্যকরভাবে পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে **BGISP** কমিটি গঠিত হবে।

সভাপতি

(১) অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

সদস্যবৃন্দ

(২) উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

^১ GIS বলতে Geographical Information System/Science/Service/Society/Studies বুঝাবে;

^২ প্রতিষ্ঠান বলতে সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, পাবলিক বিশ্ববিদ্যালয়, উন্নয়ন সহযোগী ও আর্ন্তজাতিক সংস্থা বুঝাবে;

সদস্যবৃন্দ

- (৩) প্রতিনিধি, সাধারণ অর্থনীতি বিভাগ
- (৪) প্রতিনিধি, সার্ভে অব বাংলাদেশ
- (৫) প্রতিনিধি, মহাশূন্য গবেষণা ও দূর অনুধাবন সংস্থা (SPARRSO)
- (৬) প্রতিনিধি, এ টু আই কর্মসূচী, প্রধানমন্ত্রীর কার্যালয়
- (৭) প্রতিনিধি, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED)
- (৮) প্রতিনিধি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
- (৯) প্রতিনিধি, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর (DLRS)
- (১০) প্রতিনিধি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- (১১) প্রতিনিধি, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)
- (১২) প্রতিনিধি, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- (১৩) প্রতিনিধি, WARPO, ঢাকা
- (১৪) প্রতিনিধি, বাংলাদেশ বন বিভাগ
- (১৫) প্রতিনিধি, সড়ক ও জনপথ অধিদপ্তর
- (১৬) প্রতিনিধি, কৃষি গবেষণা কাউন্সিল (BARC)
- (১৭) প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- (১৮) প্রতিনিধি, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/ রাজশাহী ওয়াসা
- (১৯) প্রতিনিধি, বিআইডব্লিউটিএ (BIWTA)
- (২০) প্রতিনিধি, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (SRDI)
- (২১) প্রতিনিধি, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন
- (২২) প্রতিনিধি, পল্লী উন্নয়ন একাডেমী
- (২৩) প্রতিনিধি, সিইজিআইএস (CEGIS)
- (২৪) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
- (২৫) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়
- (২৬) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়
- (২৭) প্রতিনিধি, নগর ও আঞ্চলিক ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়
- (২৮) প্রতিনিধি, নগর ও আঞ্চলিক পরিকল্পনা বিভাগ, বুয়েট
- (২৯) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
- (৩০) প্রতিনিধি, বিশ্বব্যাংক (World Bank), ঢাকা অফিস
- (৩১) প্রতিনিধি, এসিয়া উন্নয়ন ব্যাংক (ADB), ঢাকা অফিস
- (৩২) প্রতিনিধি, ইউএনএফপিএ (UNFPA), ঢাকা অফিস
- (৩৩) প্রতিনিধি, খাদ্য ও কৃষি সংস্থা (FAO), ঢাকা অফিস
- (৩৪) প্রতিনিধি, ইউএনডিপি (UNDP), ঢাকা অফিস
- (৩৫) পরিচালক, সেন্সাস উইং, বিবিএস

সদস্য সচিব

- (৩৬) পরিচালক, কম্পিউটার উইং বিবিএস

৪। Bangladesh GIS Platform (BGISP) নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে;

- ক. **BGISP** পরিসংখ্যান আইন, ২০১৩; তথ্য অধিকার আইন ২০০৯, এবং GIS সংক্রান্ত বিধি-বিধান, নীতিমালা ইত্যাদি অনুসরণ করবে;
- খ. প্রাথমিকভাবে বাংলাদেশে যেসব প্রতিষ্ঠান GIS সংক্রান্ত কাজের সাথে সম্পৃক্ত, সে সব প্রতিষ্ঠানকে এই Platform এর সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান GIS বিষয়ে অভিজ্ঞ এমন একজন কর্মকর্তাকে ফোকাল পার্সন মনোনীত করবে। পরবর্তীতে Platform এর সদস্যদের মতামতের ভিত্তিতে GIS সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানকেও অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনা করা হবে;
- গ. BGISP এর সকল সদস্য সংস্থা নিজ নিজ প্রতিষ্ঠান বা জাতীয় প্রয়োজনে কোন উল্লেখযোগ্য GIS সংক্রান্ত কর্মকাণ্ডের উদ্যোগ গ্রহণ করার পূর্বে প্ল্যাটফর্মকে অবহিত করবে। এ বিষয়ে আলোচনার জন্য প্ল্যাটফর্ম যত দ্রুত সম্ভব সভা আহ্বান করবে। প্রস্তাবিত কার্যক্রম যাতে জাতীয় ও আন্তর্জাতিক মানদণ্ডে গ্রহণযোগ্য হয়, সে বিষয়ে প্ল্যাটফর্ম প্রয়োজনীয় পরামর্শ এবং কারিগরী সহযোগিতা প্রদান করবে;
- ঘ. দৈততা পরিহার, সময় ও অর্থ অপচয় রোধে একই ধরনের কাজ যাতে একাধিক প্রতিষ্ঠান দ্বারা সম্পাদিত না হয় সে বিষয়ে BGISP উদ্যোগ গ্রহণ করবে;
- ঙ. দেশের টেকসই উন্নয়নের জন্য GIS সম্পর্কে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে উত্তম চর্চাগুলো খুঁজে বের করে তা বুপায়ণের উদ্যোগ গ্রহণ করবে;
- চ. এই প্ল্যাটফর্মটি GIS সম্পর্কিত বিভিন্ন আঞ্চলিক ((Asia-Pacific Spatial Data Infrastructure (APSDI) ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান (Global Spatial Data Infrastructure (GSDI), Global Earth Observation System of Systems (GEOSS), International Steering Committee for Global Mapping (ISCGM), Environmental Service Research Institute (esri) ইত্যাদির সাথে BGISP ঘনিষ্ঠ যোগাযোগ স্থাপন এবং তাদের সাথে এদতসংক্রান্ত হালফিল তথ্যাদি বিনিময় করবে;
- ছ. জাতীয় পর্যায়ে GIS সংক্রান্ত Metadata তৈরি করতে সহায়তা প্রদান ও সমন্বয় সাধন করবে;
- জ. এই প্ল্যাটফর্ম GIS সংক্রান্ত Data প্রস্তুত, সংরক্ষণ ও আদান-প্রদানসহ এর সার্বিক পরিচালনার দিক নির্দেশনামূলক একটি গাইডলাইন প্রণয়ন করবে;
- ঝ. প্রাথমিকভাবে Bangladesh Bureau of Statistics (BBS) একটি Data Mining/Archive প্রতিষ্ঠা করে দেশের সকল GIS সংক্রান্ত তথ্য উপাত্ত সংরক্ষণ ও বিতরণের উদ্যোগ গ্রহণ করবে;
- ঞ. GIS কে সর্বস্তরে বিস্তৃতি লাভ, Vector ও Raster Database এবং এর সুফল যাতে তৃণমূল পর্যায়ে জনসাধারণ পেতে পারে তার জন্য যে সব সংস্থা GIS বিষয়ে কর্মকাণ্ড পরিচালনা করে তাদেরকে প্ল্যাটফর্মের পক্ষ থেকে নানা ধরনের উৎসাহ ও প্রণোদনা প্রদান করা হবে। BGISP বিভিন্ন সময়ে বিভিন্ন কর্মসূচি যেমন, জিআইএস দিবস প্রবর্তন, জিআইএস মেলা, রোড শো, সভা/সেমিনার ইত্যাদির আয়োজন করবে;
- ট. BBS এর অধীনে BGISP এর একটি স্বতন্ত্র WebSite তৈরী করে সেখানে GIS সংক্রান্ত সকল তথ্য প্রকাশ ও প্রযোজ্য ক্ষেত্রে Download করার যাবতীয় সুযোগ সৃষ্টি করা হবে;
- ঠ. ন্যূনতম প্রতি ৩ মাসে এই প্ল্যাটফর্মের সভা অনুষ্ঠিত হবে;
- ড. বাস্তবতার প্রেক্ষাপটে GIS প্ল্যাটফর্ম এই পরিপত্রে বর্ণিত কার্যাবলীর পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন করতে পারবে।
- ঢ. এই প্ল্যাটফর্ম National Spatial Data Infrastructure (NSDI) এর উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে, যার মাধ্যমে Geospatial তথ্যাদি সংক্রান্ত নীতি প্রণয়ন এবং কারিগরী বিষয় সমূহের উন্নয়ন সাধন সম্ভব হবে;

৫। BGISP কমিটি প্রয়োজনে কোন অভিজ্ঞ ব্যক্তি বিশেষ বা কোন প্রতিষ্ঠানকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

৬। জনস্বার্থে এই পরিপত্র জারী হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

মো. সফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব।

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ বৈশাখ ১৪২৫/২৬ এপ্রিল ২০১৮

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০২২.১৭-২১২—নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০০৮ ও ২০০৮ এর অধিকতর সংশোধনীতে যেসকল অসামঞ্জস্যতা রয়েছে তা দূরীকরণের লক্ষ্যে খসড়া নিয়োগ বিধিমালা প্রস্তুতের জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলো :

সভাপতি

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়।

সদস্যবৃন্দ

২. যুগ্ম-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়।
৩. যুগ্ম-সচিব (নির্বাচন ব্যবস্থাপনা অনুবিভাগ-১), নির্বাচন কমিশন সচিবালয়।
৪. যুগ্ম-সচিব (নির্বাচন ব্যবস্থাপনা অনুবিভাগ-২), নির্বাচন কমিশন সচিবালয়।
৫. উপ-সচিব (জনবল ব্যবস্থাপনা), নির্বাচন কমিশন সচিবালয়।

সদস্য সচিব

৬. উপ-সচিব (সংস্থাপন), নির্বাচন কমিশন সচিবালয়।

কমিটির কার্যপরিধি :

- (ক) নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০০৮ এবং ২০০৮ এর অধিকতর সংশোধনীতে যেসকল অসামঞ্জস্যতা রয়েছে তা চিহ্নিতকরণ;
- (খ) বিভিন্ন সময়ে নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের নিকট হতে নিয়োগ বিধিমালা সংশোধন সংক্রান্ত প্রাপ্ত আবেদন/মতামতসমূহ পরীক্ষা-নিরীক্ষা করণ; এবং
- (গ) সে অনুসারে আগামী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালার একটি খসড়া প্রস্তুত করে মাননীয় কমিশনের বিবেচনার জন্য দাখিল করবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

হেলালুদ্দীন আহমদ
সচিব।

জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-৪ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১৯ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০২.১৭(বিমা)-১৭৬—যেহেতু, জনাব মুহাম্মদ মকবুল হোসেন (পরিচিতি নম্বর : ১৫৭৭৪), প্রাক্তন সিইও (সিনিয়র সহকারী সচিব), রংপুর ক্যান্টনমেন্ট বোর্ডে কর্মরত থাকাকালে রংপুর ক্যান্টনমেন্ট বোর্ডের ২য় শ্রেণির স্টাফ কোয়ার্টার নির্মাণ কাজের ঠিকাদারী প্রতিষ্ঠানকে অতিরিক্ত ১২,৯৯,৪৭৪ (বার লক্ষ নিরানব্বই হাজার চারশত চুয়াত্তর) টাকার বিল পরিশোধ করা হয়। ঠিকাদারের নিকট হতে অতিরিক্ত পরিশোধিত বিলের ঠিকাদার কর্তৃক জমাকৃত ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা আদায়ে সরকারি বিধি-বিধান অনুসরণ না করা, ঠিকাদার কর্তৃক জমাকৃত উক্ত টাকা ফেরত না দিয়ে তা দাপ্তরিক কর্মচারী দিয়ে ফেরত প্রদানের মিথ্যা ডকুমেন্ট তৈরি এবং স্বাক্ষর করতে বাধ্য করা, ফেরত প্রদান সংক্রান্ত মিথ্যা ডকুমেন্টে নিজে প্রতিস্বাক্ষর করে তা সত্যরূপে প্রতিষ্ঠার চেষ্টা করা ইত্যাদি কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতির' অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ০২-১১-২০১৭ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, তিনি ১৯-১১-২০১৭ তারিখে কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি চান। সে মোতাবেক ২৪-১২-২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণপূর্বক অভিযোগের বিষয়ে তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় বেগম জাহেদা পারভীন (পরিচিতি নম্বর : ৬৩০৮), উপসচিব, সওব্য-১০, জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা গত ২০-০২-২০১৮ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং প্রতিবেদনে প্রদত্ত মতামতে উল্লেখ করেন যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব মুহাম্মদ মকবুল হোসেন (পরিচিতি নম্বর : ১৫৭৭৪), এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগ প্রমাণিত হয়েছে।

সেহেতু, জনাব মুহাম্মদ মকবুল হোসেন (পরিচিতি নম্বর : ১৫৭৭৪), প্রাক্তন সিইও (সিনিয়র সহকারী সচিব), রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড বর্তমানে সভাপতির একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(বি) বিধি মোতাবেক তার ২(দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ থেকে ২ (দুই) বছরের জন্য স্থগিত (withholding of two increments for two years) রাখার লঘুদণ্ড আরোপ করা হল। ২ (দুই) বছরের জন্য ২ (দুই) টি বার্ষিক বেতনবৃদ্ধি স্থগিত ক্রমপুঞ্জিভূতভাবে বাস্তবায়িত হবে এবং ভবিষ্যতে কোন বকেয়া দাবি গ্রহণযোগ্য হবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

শৃঙ্খলা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১৭ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০২.১৭.১৮৮—যেহেতু, জনাব মোহাম্মদ আনিসুর রহমান (১৫৫৩৭), এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, র‍্যাভ ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা এবং প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), কোতয়ালী রাজস্ব সার্কেল, ঢাকা-এর বিরুদ্ধে কোতয়ালী রাজস্ব সার্কেলে কর্মকালে ঢাকাস্থ ওয়ারী মৌজার এস.এ. খতিয়ান নং-৩৭৬৮, আর.এস. খতিয়ান নং-২৩১২, সিটি জরিপ খতিয়ান ৫৫৬/৫৫৯ নং জোত এবং নামজারি ও জমাভাগ মোকদ্দমা নং ২২৫৭(সু)/১১ এর নথিতে ইপি নং ৬৭৬/১৯৬০ লিজ কেসভুক্ত এস.এ. ১৫২৮ ও ১৫৩৩, আর.এস. ২০২৬ ও ২০২৭ এবং সিটি ৬২২ ও ৬২৩ নং দাগের যথাক্রমে ০.০৭৮০ ও ০.০০৮৪ একর সর্বমোট ০.০৮৬৪ একর অর্পিত সম্পত্তি মোসাঃ জিনাত আরা ও অপর ১২ জনের অনুকূলে নামজারি-জমাভাগ অনুমোদন করে কর্তব্যে চরম অবহেলা প্রদর্শন করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১-০৫-২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০০২.১৭.২২৭ নং স্মারকমূলে তার কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৮-০৬-২০১৭ তারিখ লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে ১৫-১০-২০১৭ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানি অন্তে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য বেগম ফারহানা হায়াত (১৫১১৬), উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা ০৮-০২-২০১৮ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে চূড়ান্ত মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা, জনাব মোহাম্মদ আনিসুর রহমান (১৫৫৩৭), এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, র‍্যাভ ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা এবং প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), কোতয়ালী রাজস্ব সার্কেল, ঢাকা-কে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী আনীত “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

বিচার শাখা-৭

আইন ও বিচার বিভাগ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আদেশ

তারিখ : ২৫ এপ্রিল ২০১৮ খ্রিঃ

নং বিচার-৭/২এন-৪৯/৭৫(অংশ-২)-২৭০—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সম্মুখে হইয়া আপনাকে জনাব মোহাম্মদ মুঈনুদ্দিন, পিতা-মোঃ রফিকুল ইসলাম, মাতা-মনোয়ারা বেগম, ০৭ নং ওয়ার্ড, দৌলতখান পৌরসভা, ডাকঘর-দৌলতখান, উপজেলা-দৌলতখান, জেলা-ভোলা এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ভোলা জেলার দৌলতখান পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বুলবুল আহমেদ
সিনিয়র সহকারী সচিব।ভূমি মন্ত্রণালয়
জরিপ শাখা-২

বিজ্ঞপ্তি

তারিখ : ০৩ বৈশাখ ১৪২৫/১৬ এপ্রিল ২০১৮

নং ৩১.০০.০০০০.০৪৯.০২৩.২০১৫.৬৮—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

ক্রমিক নং	মৌজার নাম	জে এল নং	উপজেলার নাম	জেলার নাম
১	কেশর	১০৮	মোহনপুর	রাজশাহী

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুল মতিন
যুগ্মসচিব।

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০২ বৈশাখ ১৪২৫/১৫ এপ্রিল ২০১৮

নং ২৩.০০.০০০০.০৭০.০২৩.০৬০.০৯.১৪৫—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত ছকে বিবৃত ৩৭ (সাইত্রিশ) জন কর্মচারীকে জাতিসংঘ শান্তিরক্ষা বাহিনীর সদস্য হিসাবে বিভিন্ন মিশনে নিয়োজিত জাতিসংঘের অধীনে বিভিন্ন ইউ.এন. মিশনে দায়িত্ব পালনকালে তাঁদের কর্তব্যনিষ্ঠার স্বীকৃতিস্বরূপ জাতিসংঘ কর্তৃক প্রদত্ত পদক পরিধানের অনুমতি প্রদান করা হল :

(১) ক্রমিক নং	(২) বিবরণ	(৩) (৪) দায়িত্ব পালনের মেয়াদ		(৫) মিশন এবং যে দেশে নিয়োজিত ছিল
		হইতে	পর্যন্ত	
১	এয়ার কমডোর মোঃ মর্তুজা কামাল, জিইউপি, এডিসি, পিএসসি (বিডি/৭৯০৫), জিডি(পি)	১৩-১১-১৫	০৬-১২-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
২	গ্রুপ ক্যাপ্টেন (বর্তমানে এয়ার কমডোর) মোঃ শাহাবুল হুদা, পিএসসি (বিডি/৮২৭২), জিডি(পি)	০৬-০৯-১৫	২৩-০৯-১৬	মিনুস্তা (MINUSTAH) হাইতি
৩	গ্রুপ ক্যাপ্টেন মোঃ হাসানুজ্জামান, জিইউপি, পিএসসি (বিডি/৮৪৫৮), জিডি(পি)	১৮-০৮-১৫	২৩-০৯-১৬	মিনুস্তা (MINUSTAH) হাইতি
৪	উইং কমান্ডার (বর্তমানে গ্রুপ ক্যাপ্টেন) মোঃ নুরুল ইসলাম, পিএসসি (বিডি/৮৪৪৮), শিক্ষা	১৭-১১-১৫	২০-১১-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
৫	উইং কমান্ডার মোঃ শফিউল ইসলাম, পিএসসি (বিডি/৮৪৬৩), এডিডব্লিউসি	২৯-১১-১৫	০৪-১২-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
৬	উইং কমান্ডার নাসির উদ্দীন মোল্যা (বিডি/৮৬১৩), মেট (এলপিআর)	২৭-১২-১৫	২৯-১২-১৬	মিনুসমা (MINUSMA) মালি
৭	স্কোয়াড্রন লীডার (বর্তমানে উইং কমান্ডার) মোহাম্মদ সুলতান মাহমুদ মালিক, পিএসসি (বিডি/৮৬৬৬), ইঞ্জ	১৭-১১-০৮	১৭-১১-০৯	ইউনামিড (UNAMID) দারফুর, সুদান
৮	উইং কমান্ডার মুহাম্মদ জালাল উদ্দিন বিশ্বাস, পিএসসি (বিডি/৮৬৯২), জিডি(পি)	০৬-০৯-১৫	২৩-০৯-১৬	মিনুস্তা (MINUSTAH) হাইতি
৯	উইং কমান্ডার মোঃ ছিদ্দিকুর রহমান (বিডি/৮৬৪৮), এডমিন	২০-০৯-১৬	১০-১০-১৭	মিনুস্তা (MINUSTAH) হাইতি
১০	উইং কমান্ডার মোঃ জাহিদুল ইসলাম, পিএসসি (বিডি/৮৭৫৮), জিডি(এন)	১৩-১১-১৫	৩০-১১-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
১১	উইং কমান্ডার নাজমুল হুদা (বিডি/৮৭৪৬), জিডি(পি)	২০-০৯-১৬	১০-১০-১৭	মিনুস্তা (MINUSTAH) হাইতি
১২	উইং কমান্ডার এবনে রক্বানী মোহাম্মদ গোলাম ফারুক, পিএসসি (বিডি/৮৮৭৭), জিডি(পি)	০৩-০৩-১৬	০৭-০৩-১৭	মিনুস্তা (MINUSTAH) হাইতি
১৩	উইং কমান্ডার আজিম আহমেদ, পিএসসি (বিডি/৮৮৫১), জিডি(পি)	০২-০৩-১৭	০৩-০৯-১৭	মিনুস্তা (MINUSTAH) হাইতি
১৪	উইং কমান্ডার মনজিলা রিজওয়ান, পিএসসি (বিডি/৮৮৬৩), মেট	১৭-১১-১৫	২০-১১-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
১৫	স্কোয়াড্রন লীডার মুহাম্মদ ফুয়াদ ফয়সাল, পিএসসি (বিডি/৮৮৯৪), এডিডব্লিউসি	২৪-০৭-১৬	২৬-০৭-১৭	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
১৬	ফ্লাইট লেফটেন্যান্ট (বর্তমানে স্কোয়াড্রন লীডার) মাশায়েখ জামান মোঃ ইফতেখার চৌধুরী (বিডি/৯০০৮), জিডি(পি)	৩১-০৮-১০	৩০-০৯-১১	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
		১৭-১১-১৫	১১-১১-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
১৭	স্কোয়াড্রন লীডার নাফিজ সালেহীন তমাল (বিডি/৯১১৬), জিডি(পি)	১৭-১১-১৫	২০-১১-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
১৮	ফ্লাইট লেফটেন্যান্ট (বর্তমানে স্কোয়াড্রন লীডার) রিজওয়ান ইবনে নুর (বিডি/৯১২০), জিডি(পি) (এলপিআর)	১১-১০-১২	২৮-১০-১৩	মনুস্কো (MONUSCO) ডি আর কজো

(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৯	স্কোয়াড্রন লীডার মোঃ ইউসুফ মিয়া (বিডি/৯১৪৪), জিডি(পি)	২৫-০৯-১৬	১০-১০-১৭	মিনুসমা (MINUSMA) মালি
২০	স্কোয়াড্রন লীডার মোঃ মমিনুল হক (বিডি/৯২০৩), জিডি(পি)	১৯-১১-১৫	১১-১১-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
২১	স্কোয়াড্রন লীডার মুহাম্মদ শামছুল আরেফিন (বিডি/৯২২৬), ইঞ্জ	১৩-১২-১৫	১২-১২-১৬	মিনুসকা (MINUSCA) সেন্ট্রাল আফ্রিকান প্রজাতন্ত্র
২২	স্কোয়াড্রন লীডার শরীফ ইশতিয়াক আহমেদ (বিডি/৯২৩৪), মেডিক্যাল	০৬-০৯-১৫	২৩-০৯-১৬	মিনুস্তা (MINUSTAH) হাইতি
২৩	স্কোয়াড্রন লীডার আয়াছ আহমেদ (বিডি/৯২৬৪), এডিডব্লিউসি	০৬-০৯-১৫	২৩-০৯-১৬	মিনুস্তা (MINUSTAH) হাইতি
২৪	স্কোয়াড্রন লীডার সাইফা জামান বুবলী (বিডি/৯২৬৬), এডমিন	২৫-১১-১৫	৩০-১১-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
২৫	স্কোয়াড্রন লীডার মোহাম্মদ সাঈদ আব্দুল্লাহ আল মুরাদ (বিডি/৯২৯৫), ফিন্যান্স	১৫-১১-১৫	১৪-১১-১৬	মিনুসকা (MINUSCA) সেন্ট্রাল আফ্রিকান প্রজাতন্ত্র
২৬	স্কোয়াড্রন লীডার মোঃ আশিফুল ইসলাম (বিডি/৯৩৩৪), জিডি(পি)	০৬-০৯-১৫	২৩-০৯-১৬	মিনুস্তা (MINUSTAH) হাইতি
২৭	স্কোয়াড্রন লীডার জুনাইদুল ইসলাম (বিডি/৯৪১২), ইঞ্জ	১৩-১১-১৫	৩০-১১-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
২৮	স্কোয়াড্রন লীডার মোঃ মোনোয়ারুল ইসলাম (বিডি/৯৪৪০), এডমিন	০১-১২-১৫	৩০-১১-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
২৯	স্কোয়াড্রন লীডার মোঃ মুনতাসির মাহমুদ (বিডি/৯৪৪৬), লর্জিস্টিক	২৬-০২-১৬	২৭-০২-১৭	ইউএনওসিআই (UNOCI) আইভরিকোস্ট
৩০	ফ্লাইট লেফটেন্যান্ট (বর্তমানে স্কোয়াড্রন লীডার) মোহাম্মাদ (বিডি/৯৪৫৭), জিডি(পি)	১০-১১-১৫	০৩-০১-১৭	আনমিল (UNMIL) লাইবেরিয়া
৩১	স্কোয়াড্রন লীডার আবু জেহাদ আরাফাত (বিডি/৯৪৫৯), জিডি(পি)	২৯-১১-১৫	১৪-১২-১৬	ইউনামিড (UNAMID) দারফুর, সুদান
৩২	স্কোয়াড্রন লীডার সানজিদ হাসান (বিডি/৯৪৬৩), জিডি(পি)	০২-০৭-১৬	১৮-০৭-১৭	ইউনামিড (UNAMID) দারফুর, সুদান
৩৩	স্কোয়াড্রন লীডার মোঃ রাউফুন ইলাহী (বিডি/৯৪৮৫), জিডি(পি)	১৯-১১-১৫	৩০-১১-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
৩৪	ফ্লাইট লেফটেন্যান্ট (বর্তমানে স্কোয়াড্রন লীডার) দেলোয়ার হোছাইন (বিডি/৯৪৯৮), এডমিন	২৫-১১-১৫	২২-১১-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো
৩৫	ফ্লাইট লেফটেন্যান্ট মোঃ সোহানুর রহমান (বিডি/৯৬৫৪) জিডি(পি)	০৬-০৯-১৫	২৩-০৯-১৬	মিনুস্তা (MINUSTAH) হাইতি
৩৬	ফ্লাইট লেফটেন্যান্ট এ এস এম ফয়সাল হোসাইন (বিডি/৯৬৮২) জিডি(পি)	০৬-০৯-১৫	২৩-০৯-১৬	মিনুস্তা (MINUSTAH) হাইতি
৩৭	ফ্লাইট লেফটেন্যান্ট রিজওয়ান বুশদী (বিডি/৯৭০১), জিডি(পি)	২৩-১১-১৫	১১-১১-১৬	মনুস্কো (MONUSCO) ডি আর কজো

২। এ মন্ত্রণালয়ের ১৪ ডিসেম্বর ২০১৬ তারিখের ৫১১ নম্বর পত্রের ১৮নং ক্রমিকে বর্ণিত স্কোয়াড্রন লীডার তাইফ হোসেন (বিডি/৯৩৬৭), জিডি(পি)-এর দায়িত্ব পালনের মেয়াদ ৮-২-১৬ হতে ২৬-২-১৬ তারিখ এর পরিবর্তে ৮-২-১৫ হতে ২৬-২-১৬ তারিখ সংশোধন করা হল।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোছাঃ আনার কলি
উপসচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
আদেশ

তারিখ : ২২ এপ্রিল ২০১৮ খ্রিঃ

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩০.২০১৬-১৪৫—যেহেতু, ডাঃ মোহাম্মদ মোস্তফা কামাল (১২০৪৪৩), সহকারী রেজিস্ট্রার (এ্যানেসথেসিওলজি), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা গত ১৯-০৪-২০১৬ খ্রিঃ হতে ১২-০৭-২০১৭ খ্রিঃ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর দায়ে ২৪-১১-২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩০.২০১৬-৮৫০ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানোর নোটিসের জবাব ও ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেননি বিধায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত অভিযোগ প্রমাণিত মর্মে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে কেন চাকুরী হতে অপসারণ করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার দ্বিতীয় কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ০৪-০৪-২০১৮ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ডাঃ মোহাম্মদ মোস্তফা কামাল (১২০৪৪৩), সহকারী রেজিস্ট্রার (এ্যানেসথেসিওলজি), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা এর কারণ দর্শানোর জবাব, সংশ্লিষ্ট কাগজপত্রাদি ও কর্তৃপক্ষের নিকট প্রদত্ত ব্যক্তিগত শুনানী পর্যালোচনা করে দেখা যায় যে, তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'ডিজারশন'র অভিযোগ সন্দেহাতীত প্রমাণিত হয়েছে;

যেহেতু, অভিযুক্ত আনীত অভিযোগের স্বপক্ষে সন্তোষজনক জবাব প্রদান করতে ব্যর্থ হয়েছেন বিধায় শাস্তি পাওয়ার যোগ্য;

সেহেতু, ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(২)(বি) নং বিধি মোতাবেক ডাঃ মোহাম্মদ মোস্তফা কামাল (১২০৪৪৩), সহকারী রেজিস্ট্রার (এ্যানেসথেসিওলজি), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা এর ৫টি বাৎসরিক বেতন বৃদ্ধি ৫ বছরের জন্য স্থগিত করার দণ্ড আরোপ করা হলো। তাঁর চাকুরীর ধারাবাহিকতা বজায় রাখার জন্য ১৯-০৪-২০১৬ খ্রিঃ হতে ১২-০৭-২০১৭ খ্রিঃ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির সময়কালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে মঞ্জুরপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সিরাজুল হক খান
সচিব।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪৫.০০.০০০০.১৬৮.০১১.২০১৬-১৪৯—ড. মু. আনোয়ার হোসেন হাওলাদার, যুগ্মসচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ- কে রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬ এর ধারা ২০ উপধারা (১) এর দফা (ঠ) অনুযায়ী উক্ত বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। এ আদেশ পরবর্তী ২ (দুই) বছরের জন্য কার্যকর থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহ আলম মুকুল
উপসচিব।

জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪২৫/০৪ জুন ২০১৮

নং ০৫.০০.০০০০.১১০.০০.০১৯.১৫-৭৫৭—০২ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত নিকার-এর ১১৫তম বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, যশোর এবং বগুড়া এই ০৫টি জেলার নামের ইংরেজি বানান বাংলা উচ্চারণের সঙ্গে সামঞ্জস্য রেখে নিম্নবর্ণিতভাবে সংশোধন করা হলো :

ক্রমিক নম্বর	বাংলা নাম	বর্তমান ইংরেজি বানান	পরিবর্তিত সঠিক বানান
১.	চট্টগ্রাম	Chittagong	Chattogram
২.	কুমিল্লা	Comilla	Cumilla
৩.	বরিশাল	Barisal	Barishal
৪.	যশোর	Jessore	Jashore
৫.	বগুড়া	Bogra	Bogura

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।